# নাশকতাকারীদের ষড়যন্ত্র ব্যর্থ হবে: ইসি সানাউল্লাহ



সংগৃহীত ছবি

নির্বাচনের প্রাক্কালে চোরাগোপ্তা হামলার আশঙ্কা করছে নির্বাচন কমিশন (ইসি)। তবে যেকোনো ধরনের নাশকতামূলক তৎপরতা কঠোরভাবে দমন করা হবে এবং নাশকতাকারীদের উদ্দেশ্য সফল হতে দেওয়া হবে না বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ।

রোববার (১৪ ডিসেম্বর) বিকেলে আগারগাঁওয়ে নির্বাচন ঘিরে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট বাহিনীগুলোর সঙ্গে বৈঠক শেষে আয়োজিত ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

ইসি সানাউল্লাহ জানান, যারা নির্বাচন বাধাগ্রস্ত করার চেষ্টা করবে, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এ জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরও কঠোর ও সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানান তিনি।

এ সময় তিনি বলেন, পলাতক সন্ত্রাসীদের গ্রেপ্তারের পাশাপাশি হারিয়ে যাওয়া অস্ত্র উদ্ধারে জোর দিতে হবে। একই সঙ্গে অনুপ্রবেশকারী ও সন্দেহভাজন ব্যক্তিদের বিষয়ে রাজনৈতিক দলগুলোকে সতর্ক থাকার পরামর্শও দেন এই নির্বাচন কমিশনার।

LENS ASIA